


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd




স্মারক নং-৪৬.০৪৫.০২৭.০৮.৪০.০৪০.২০১৫-১৩৬৫

তারিখঃ ১২/১২/২০১৭খ্রিঃ

বিষয় : ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান (মহিলা) ও প্যানেল চেয়ারম্যান-০২কে উপজেলা পরিষদের চেয়ারম্যানের আর্থিক ক্ষমতা প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান (পুরুষ) ও প্যানেল চেয়ারম্যান-০১ এর অনুপস্থিতকালীন সময়ে পরিষদের আর্থিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে উপজেলা পরিষদ (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ এর ধারা ১৫ এর উপ-ধারা (২) অনুযায়ী সাভার উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান (মহিলা) ও প্যানেল চেয়ারম্যান -০২ বেগম মিনি আক্তার উর্মিকে আর্থিক ক্ষমতা নির্দেশক্রমে প্রদান করা হলো।

০২। একই সাথে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের মধ্য হতে গঠিত সাভার উপজেলা পরিষদের অস্থায়ী চেয়ারম্যান প্যানেল-০১ জনাব মোহাম্মদ ফখরুল আলম সমর, চেয়ারম্যান, তেতুলঝোড়া ইউনিয়ন পরিষদকে স্থানীয় সরকার বিভাগের ১৫/০১/২০১৭ তারিখের ৪৬.০৪৫.০২৭.০৮.৪০.০৪০.২০১৫- ৩৪নং স্মারকে প্রদত্ত সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যানের আর্থিক ক্ষমতা প্রদান সংক্রান্ত আদেশটি এতদ্বারা বাতিল করা হলো।


(মোহাম্মদ জাহিরুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

স্মারক নং-৪৬.০৪৫.০২৭.০৮.৪০.০৪০.২০১৫-১৩৬৫

তারিখঃ ১২/১২/২০১৭খ্রিঃ

অনুলিপি- জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০২. জেলা প্রশাসক, ঢাকা।
০৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০৪. উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
০৫. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সাভার, ঢাকা।
০৬. ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ, সাভার, ঢাকা।
০৭. বেগম মিনি আক্তার উর্মি, ভাইস চেয়ারম্যান (মহিলা) ও প্যানেল চেয়ারম্যান-০২, সাভার উপজেলা পরিষদ
০৮. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)
০৯. জনাব মোহাম্মদ ফখরুল আলম সমর, চেয়ারম্যান, তেতুলঝোড়া ইউনিয়ন পরিষদ, সাভার, ঢাকা।



(মোহাম্মদ জাহিরুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব